October 4 ও 5, 1997 : ১৭ ও ১৮ আশ্বিন, ১৪০৪

শ্রী শ্রী দুর্গা পূজা

Sree Sree Durga Puja : 1997

Pujari
Atlanta, Georgia

পূজারী
অ্যাট্‌লান্‌টা, জর্জিয়া

সপ্তশ্লোকী চণ্ডী

জ্ঞানিনাম্ অপি চেতাংসি দেবী ভগবতী হি সা
বলাৎ আকৃষ্য মোহায় মহামায়া প্রযচ্ছতি। ১:৫৫

দুর্গে স্মৃতা হরসি ভীতিম্ অশেষজন্তোঃ
স্বস্থৈঃ স্মৃতা মতীম্ অতীব শুভাং দদাসি।
দারিদ্র্যদুঃখভয়হারিণী কা ত্বৎ অন্যা
সর্বোপকারকরণায় সদার্দ্রচিত্তা। ৪:১৭

সর্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোস্তুতে। ১১:১০

শরণাগত দীনার্ত পরিত্রাণপরায়ণে
সর্বস্যার্তিহরে দেবি নারায়ণি নমোঽস্তুতে। ১১:১২

সর্বস্বরূপে সর্বেশে সর্বশক্তিসমন্বিতে
ভয়েভ্যঃ ত্রাহি নো দেবি দুর্গে দেবি নমোঽস্তুতে। ১১:২৪

রোগান্ অশেষান্ অপহংসি তুষ্টা
রুষ্টা তু কামান্ সকলান্ অভীষ্টান্
ত্বামাশ্রিতানাং ন বিপন্নরানাং
ত্বামাশ্রিতা হ্যাশ্রয়তাং প্রয়ান্তি। ১১:২৯

সর্বাবাধাং প্রশমনং ত্রৈলোক্যস্যাখিলেশ্বরি।
এবমেব ত্বয়া কার্য্যম্ অস্মদ্ বৈরিবিনাশনম্। ১১:৩৯

1997 DURGA PUJA PROGRAM
অনুষ্ঠান সূচি

Saturday, October 4, 1997		১৭ই আশ্বিন ১৪০৪, শনিবার	
Puja	10 am	পূজা	বেলা দশটা
Anjali	12 noon	অঞ্জলি	বেলা বারোটা
Prosad	1 pm	প্রসাদ	বেলা একটা
Entertainment	4 pm	বিচিত্রানুষ্ঠান	বিকেল চারটে
Arati	8 pm	সন্ধ্যারতি	রাত্রি আটটা
Prosad	9 pm	প্রসাদ	রাত্রি ন'টা
Sunday, October 5, 1997		**১৮ই আশ্বিন ১৪০৪, রবিবার**	
Puja	10 am	পূজা	বেলা দশটা
Anjali	12 noon	অঞ্জলি	বেলা বারোটা
Prosad	1 pm	প্রসাদ	বেলা একটা

SPECIAL THANKS
for Decoration, Food, Costume, Video, Brochure and other help to:

Achira Bhattacharya
Amitava Sen
Anindya De
Anjali Dutta
Arati Mishra
Arvind Padhye
Asima Das
Asok Basu
Bijan Prasun Das
Bula Gupta
Chaitali Basu
Dipa Sen Gupta
Harsha Mukherjee
Ian Watt
Ira Mukherjee
Jayanta Mahalanobis
Jayanti Lahiri
Kalpana Das
Kalpana Ghosh
Kanti Das
Kiriti Gupta
Krishna Sen Gupta
Lali Watt
Mamata Basu
Mamata Ghorai
Maya Mukherji
Meera Ghosal
Molly De
Nandalal Mukherjee
Nita Shrivastava
Pranab Lahiri
Priya Kumar Das
Reema Saha
Rekha Mitra
Robi Basu
Rupa Gupta
Rupak Das
Saibal Sen Gupta
Samar Mitra
Sanjib Datta
Shanta Gupta
Sheokumar Jha
Shyamoli Das
Sibani Chakravorty
Soma Datta
Somnath Datta
Somnath Mishra
Suhas Sen Gupta
Sushanta Saha
Susmita Datta
Susmita Mahalanobis
Sutapa Das
Suzanne Sen
Swapan Bhattacharya
Sweta Bhaumik

Pujari
4515 Holliston Road
Doraville, Georgia 30360
tel: (770) 451-8587

CONTENTS

Hillol Roy	মাদার টেরেসা	4
Samar Mitra	গীতা	5
Susmita Mahalanobis	সহাবস্থান	6
Biththi Chakraborty	গল্পসল্প	8
Meera Ghosal	নিজদেশে পরবাসী	12
Mandira Sen Gupta	গুঞ্জবাড়ী	15
Chandra Binod Das	কোনখানে?	17
Susmita Mahalanobis	কখন বা কবে?	17
Sabyasachi Gupta	ইয়োরোপে কয়েকটা দিন	18
Samar Mitra	Yes, Yes, Yes, My Lord	22
Ranès Chakravorty	Extension	25
Pranab Lahiri	Reflections on the Celebration of the 50th Anniversary of India's Independence	27
Yasho Lahiri	Resisting the Millennium	29
Rit Chandra	Yin & Yang	30
Monalisa Ghosh	The Golden Eagle	31
Rajarshi Gupta	Verbal Views; Mind	32
Marjorie Sen	Drawing	33
Priyanka Mahalanobis	Outside	34
Rahul Basu	Drawing	35
	The Alligator; Only One Mother	36
Mohua Basu	Krishna	36
	Drawing	37
Joe Bhaumik	Turkey Talk; Drawing	38
Debayan Bhaumik	Drawing	39
Entertainment Program		40
Synopsis of Play "Chhutir Phandey"		40
উত্তর আমেরিকার সপ্তদশ সম্মেলনে পূজারীর তরফ থেকে নাট্যাভিনয়		41
Shyamoli Das	শাখা প্রশাখা	42
Suzanne Sen	Moon Dancing	43
Amitava Sen	When the World Mourns	43
Statement of Accounts		44
Directory of Members		

মাদার টেরেসা

হিল্লোল রায়

হে মহীয়সী শান্তির দূত, লও গো মোদের ভালবাসা,
'নোবেল প্রাইজ' পেয়ে যে তুমি মেটালে সবার আশা!
শান্তিদূত এর জয়ের মাল্য পড়েছে তোমার গলে,
এশিয়ার বুকে এনেছ নোবেল মহৎ কাজের ফলে।
বিশ্ব জুড়ে তোমার খ্যাতি আকাশ বাতাস ময়,
তোমার দয়া-মায়ার মাঝেই মানব পরিচয়!
অসীম অপার করুণা তোমার সকল বিশ্ব জানে,
নতজানু তাই দুনিয়া-মানুষ তোমার অবদানে।
তোমার মতন সরল জীবন দিয়েছে পরিচয়,
ত্যাগের মাঝেতে ভোগের আনন্দ হৃদয়ে এনেছে জয়!
অবহেলিতের শুকনো আঁখিতে এনেছ তুমি যে জল,
তোমার পরশে অবলা পেয়েছে বেঁচে থাকবার বল!
ফুটপাথে বসা পরিচয়হীন দুর্বল শিশুগুলো—
পেয়েছে অন্ন, বাঁচার ভরসা সরিয়ে পথের ধুলো!
শেষ নিঃশ্বাস ফেলবার আগে তোমার হাতের স্পর্শ
জাগিয়ে তুলেছে ভগ্ন হৃদয়ে নবীন প্রাণের হর্ষ।

দুনিয়া মাঝারে দিয়েছো বিলিয়ে তোমার সকল মন,
দয়ার সুবাদে বিশ্ব হৃদয়ে তুমি যে আপন জন!
তোমার কাজের সীমা-পরিসীমা শুধু কলকাতা-তেই নয়,
অমর কীর্তি ছড়ালো তোমার সৌর জগৎ ময়!
নোবেল এর টাকা দিয়েছো বিলিয়ে বিশ্ব জনতা মাঝে,
আর নিজেকে ও তুমি রেখেছ ব্যস্ত সকাল দুপুর ও সাঁঝে!
তোমার যখন ন' বছর বয়স, এসেছিলে কলকাতা—
আজ সে কাহিনী পড়লেই ভাবি এ যে সেদিনের গাঁথা!

ত্যাগের মাঝেতে রয়েছে হর্ষ – শিক্ষা দিয়েছো তুমি,
বর্ণের ঘৃণা হ্রাস পেয়ে আজ দুঃখ গিয়েছে ঘুমি!
আত্মার সাথে আত্মার যোগ – এটাই তোমার মন্ত্র,
তাই ভেদাভেদ মাঝে তুমিই ধরেছো একতা বাণীর যন্ত্র!

দু'মুঠো অন্ন জোটে না যাদের দিনেতে কিংবা রাতে,
মিটেছে তাদের ক্ষুধা হাহাকার পরশি তোমার হাতে!
অশীতিপর 'যুবতী' হলে ও কর্মঠ তুমি আজ,
রিক্ত দীনের দুঃখ ঘোচাতে করেই চলেছ কাজ!

মাদার টেরেসা, তুমি নমস্যা, তুমি অনন্যা ও মহীয়সী,
তোমায় পেয়ে বিশ্ব যে আজ সত্যিই গরীয়সী!
প্রার্থনা করি শতায়ু হও তোমার জন্মদিনে,
পার্থিব সুখ ভালবাসাতেই – বাজে যে তোমার বীণে!
কোলাহলময় বিশ্বের মাঝে তুমিই সবার আশা,
শিখিয়েছ তুমি নিরলস ত্যাগ ও অনাবিল ভালবাসা!
তাই যুগ যুগ ধরে আকাশে বাতাসে পূজিত হবেই তুমি,
আজ প্রবাসের ভূঁয়ে করি মাথা নত দিতে গো সোহাগ চুমি!!

মাইলস্টোন
নভেম্বর ২৬ ১৯৯৬

গীতা

সমর মিত্র

শ্রীভগবানের দিব্য জন্ম কর্ম কথা
জেনে জীব লভে মুক্তি না হয় অন্যথা।
এই তথ্য কুরুক্ষেত্র যুদ্ধের প্রাক্কালে
প্রকাশ করেন প্রভু আপন খেয়ালে।
শাস্ত্রপাঠ, দান, ধ্যান, তপস্যা ও যজ্ঞ
কেমনে করিবে জীব অসমর্থ অজ্ঞ।
জীবের কল্যান লাগি তাই ভগবান
অর্জুন মাধ্যমে তত্ত্ব করেন ব্যাখ্যান।
ইচ্ছাময়ের ইচ্ছা, তাই অলক্ষ্যেতে শুনি
লিখিলেন সে সংবাদ বেদব্যাস মুনি।
মহাভারতের ভীষ্মপর্বে সুললিত
ছন্দোবদ্ধ সে বক্তব্য হল প্রচলিত
শ্রীমদ্‌ভগবদ্‌গীতাশাস্ত্র এই নামে
তুলনা যাহার নাই এই ধরাধামে।

কিন্তু যে কারনে এই শাস্ত্রের রচনা
প্রশ্ন জাগে যখনি তা করি বিবেচনা।
সত্যই কি দুর্যোধন যদি না জন্মাত
এই গীতাশাস্ত্র তবে হত কি রচিত ?
হত কি গীতার সৃষ্টি যদি দুর্যোধন
না দিত সম্পদ লোভে ধর্ম বিসর্জন ?
ভারতবর্ষের যত ক্ষত্রিয়প্রবর
কুরুক্ষেত্রে মহাযুদ্ধে হত কি তৎপর ?
কিন্তু এ তো হতে পারে সেই লীলাময়
রেখেছেন নির্দ্ধারিত করে বিশ্বময়
ঘটনা ঘটার পূর্ব হতে আদ্যোপান্ত
স্থান, কাল, পাত্র আদি সমস্ত বৃত্তান্ত।
এ বিশ্বনাট্যের মূখ্য নট নাট্যকার
পূন্যশ্লোক শ্রীহরির লীলা বোঝা ভার।

বুঝেছিল দুর্যোধন কি তার ভূমিকা
এ নাট্যে দেখাতে হবে তীব্র অহমিকা।
জেনে ধর্ম দেখাতে সে পাবে না প্রবৃত্তি
অধর্ম কি জেনে সে না দেখাবে নিবৃত্তি।
কৃষ্ণমুখপানে চেয়ে তাই দুর্যোধন
বলেছিল যথাসাধ্য করেছি পালন
যন্ত্র হয়ে যন্ত্রীরূপী তোমার নির্দেশ
দোষ গুন কিছুই না জানি হৃষীকেশ।
শুধু জানি হৃদিস্থিত তুমি অন্তর্যামী
তোমারি ইচ্ছায় কর্ম করিতেছি আমি।
গীতার ভূমিকা দুর্যোধনের মাধ্যমে
সৃষ্টি হলে কৃষ্ণ কুরুক্ষেত্রে রনভূমে
পার্থসারথির বেশে করিলেন দান
গীতাশাস্ত্র, জগতের সাধিতে কল্যান।

পুনরায় মন ভরে যায় কৌতূহলে
অর্জুনের দুর্বলতা দেখি রনস্থলে।
গাণ্ডীবধনুকধারী মহাবীর্যবান
শস্ত্রবিশারদ দৈববলে বলীয়ান,
বহুযুদ্ধজয়ী সেই ক্ষত্রিয়প্রবর
কেন হল রনাঙ্গনে এমন কাতর ?
ভীষ্ম দ্রোন আদি সঙ্গে বৃহন্নলাবেশে,
যে অর্জুন যুঝেছিল একাকী অক্লেশে
বিরাটের গোসম্পদ করিতে উদ্ধার,
এই যুদ্ধে কেন তার এমন বিকার ?
মনে হয় ভগবান আপন মায়ায়
অভিভূত অর্জুনের মনে, অসহায়
অক্ষত্রিয় মনোভাব জাগিয়ে সুযোগ
নিলেন, শোনাতে গীতা সরহস্য যোগ।

ঐশীকর্ম ধনঞ্জয় আর দুর্যোধন
উভয়ে নিমিত্তমাত্র হয়ে সম্পাদন
করেছিল তাই বুঝি গীতার প্রকাশ
সংশয় হৃদয়গ্রন্থি করিতে বিনাশ।
জীবে জীবে যত ভেদ সংস্কারবশত
এক লক্ষ্যে পৌঁছিবার পথ আছে তত।
যে যেমন উপযুক্ত সেইমত পথ
চিনিতে পারিলে পূর্ন হয় মনোরথ।
কর্ম, জ্ঞান, ভক্তি আদি নামে পরিচিত
সে সবের বিবরনে গীতা বিরচিত।
শ্রীভগবানের কণ্ঠ হতে বিনিঃসৃত
দেশকালাতীত শাস্ত্র এই গীতামৃত।
গীতা তত্ত্ব, গীতা পথ, গীতাই পাথেয়
গীতা বেদ, গীতা বেদ্য, উদ্দেশ্য, বিধেয়।

সহাবস্থান

সুস্মিতা মহলানবীশ

গ্রীষ্মের ছুটি চলছে প্রায় তিন সপ্তা। কখনো কখনো মনে হয় সময়টা বড়ো দ্রুত এগিয়ে যাচ্ছে, আমার আর কিছুই করা হল না। কি যে করি, একটু নির্জনতা খুঁজে বেড়াই কিন্তু কিছুতেই আর তা ভাগ্যে জোটেনা। মনে মনে আমার প্রিয় বান্ধবী লীনার কথা ভাবি, তার কি সৌভাগ্য। লীনাকে কি আমি হিংসে করি ? না, তা কিছুতেই হতে পারেনা, লীনা কত ভালো কত উদার, তাকে আমি অন্তর থেকে শ্রদ্ধা করি। বন্ধুকে কি শ্রদ্ধা করা যায়না ? শুধু বড়োদের ক্ষেত্রেই কি শ্রদ্ধা শব্দটা ব্যবহার করতে হয় ? আমার মন তা বিশ্বাস করেনা। বহু ক্ষেত্রে আমার চেয়ে ছোট অনেকের কথা শুনে ও ব্যবহার দেখে শ্রদ্ধা করি আবার কখনো কখনো কোন কোন গুরুজনের ব্যবহারে তার বিপরীতটাই মনে জাগে।

লীনাদের পরিবারটাই আলাদা ধরনের। ওর মা বাবা দাদা সবার মনই খুব প্রশস্ত। লীনার বাড়ীতে আমার অবাধ স্বাধীনতা। ওর বিছানায় শুয়ে ওর সাথে গল্পগুজব করি, কখনো সে অন্য কাজে ব্যস্ত থাকলে কোন ভালো বই খুলে পড়ি। ওর মা বাবাও আমাকে খুব ভালোবাসেন তাই ওখানে গেলে ভালোমন্দ খাওয়াদাওয়া আমার কপালে প্রায়ই জোটে। তাছাড়া খুব ভালোভালো দুষ্প্রাপ্য বই পড়ারও সৌভাগ্য হয়। তঁারা দুজনেই কলেজে পড়ান কাজেই বইয়ের পাহাড় দেখার মত।

আর সেই তুলনায় আমার বাড়ীর পরিস্থিতি ? আমরা বাড়ীর সবাই বড়াই করি আদি বনেদী পরিবার বলে। আমার পূর্বপুরুষরা যে কলকাতার ওপরে এত বড়ো একটা বাড়ী করেছিলেন সেটাই আমাদের বনেদিয়ানার কথা মনে রাখতে এবং যখন তখন একে তাকে শোনাতে সাহায্য করে। কিন্তু আমি দেখি যে দাদুদের পরে তঁাদের ছেলেরা কখনো ঐ বাড়ী সারানো বা রঙ করার ব্যাপারে এক পয়সাও খরচ করেননি। অথচ দাদুদের দুভাইয়ের ছেলেরা এবং তাদের ছেলেমেয়েরা সবাই মিলে ঐ এক বাড়ীতেই এখনো আছে। সবারই হাঁড়ি আলাদা, বাথরুম ইত্যাদি যৌথ কাজেই ঐ সব নিয়ে প্রায়ই মন কষাকষি হয় কিন্তু কেউই এই বাড়ী ছেড়ে অন্য কোথাও যেতে রাজী নয়। দেওয়াল থেকে চূনবালি খসেখসে পড়ছে। এন্টিক বলে কথা, আসল কথা আমার মন জানে, সবার কাছে ওয়ান পাইস ফাদার মাদার।

না আর বেশি প্যানপ্যান করব না, লীনার কাছ থেকে যে বইটা এনেছি সেটা পড়ার একটুও সুযোগ পাচ্ছিনা বলেই মাথা গরম করে এত কথা বলে ফেললাম, নইলে নিজের বাড়ীর খবর অন্যকে দেয় কখনো ? সুন্দর রহস্যজনক উপন্যাস বইটা নিয়ে নিজেদের ঘরে একটু বসেছি, বাবু তিমি ঝিনু রূপক সানু কেকা সবাই চারদিকে ছোটাছুটি করছে, ধুপধাপ শব্দ, এঘর থেকে হাসি ওঘর থেকে ছোট বাচ্চার কান্না, এর মধ্যে বসে ওটা পড়া আমার পক্ষে সম্ভব নয়। তাই মাদুরটা বগলে করে বাড়ীর পেছন দিকে যে দুটো বিশাল আমগাছ আছে তাদের নীচে আশ্রয় নিতে ছুটলাম।

মাদুরটা পাততে যাচ্ছি একটা কাক কাকা করে উঠল আর তার পেছন থেকে কুকু করে সাড়া দিল একটা কোকিল। কি হল ? এখানেও কাক কোকিলের ঝগড়া নাকি ? কিন্তু না, এ তো কাকের কর্কশ কাকা নয়, কোকিলের কুকু শব্দটাও তেমন উত্তেজনাপূর্ন নয়। আরে এ যে একের অন্যের সঙ্গে আলাপ করার চেষ্টা চলছে, চুপচাপ বসে শুনি তো কিছু বুঝতে পারি কিনা।

কোকিল - কাক, তুমি রাগ কর কেন ভাই ? তোমার ঘরে বসে আমি ডিম পাড়ব ভাবলেই তুমি তেড়েমেড়ে আগুন হয়ে আমাকে মারতে আসো কেন ?

কাক - বারে, আমি তোমার হয়ে সব কিছু করব, তোমার ছেলেমেয়ে তৈরি করে দেব, তার পরেও তোমরা আমাকে ছিছি কর।

কোকিল - কে তোমাকে ছিছি করল ?

কাক - কেন আমি যখনই গান করব বলে গলাটা একটু সাধতে যাই তখনই ঐ মানুষ জাতি আমাকে অলক্ষুণে গালিগালাজ দিয়ে ঢিল ছুঁড়তে থাকে।

কোকিল - ওদের কথা বাদ দাও, ওরা নিজেরাই নিজেদের সহ্য করতে পারেনা তা আবার তোমাকে আর আমাকে।

কাক - আরে না না ওরা তোমাকে খুব পছন্দ করে, বলে কি সুন্দর গলা, দেখনা তোমার গলা নকল করে কুকু করে।

কোকিল - তুমি ভাই আস্তে আস্তে করে রোজ গলাটা সাধো তাহলে তোমার গলাটাও ভালো শোনাবে।

কাক - কোকিল ভাই, তোমাতে আর আমাতে দেখতে কিন্তু খুব তফাৎ নেই, দুজনেই কৃষ্ণ কালো। শুধু আমি একটু বড়ো আর তুমি একটু ছোট। ঐ গলার স্বরটার জন্যেই ওরা আমাকে দেখতে পারেনা।

কোকিল - কাক, তুমি ভাই ঐ জন্যে চিন্তা করোনা, আমি তোমাকে গান শিখিয়ে দেব, তবে হ্যঁা, একটা সর্ত্তে।

কাক - তা সর্ত্তটা কি ?

কোকিল - আমাকে তোমার বাড়ীতে ডিম পাড়তে দেবে।

কাক - আমি কি করে জানব কোনটা আমার ডিম আর কোনটা তোমার ডিম ?

কোকিল - জানার কি দরকার, মনটা উদার করে দুটোকেই সমান তা দেবে, বাচ্চারা একটু বড়ো হলেই চেনা যাবে।

কাক - তা কি করে হয় ?

কোকিল - কেন হয়না ?

কাক - ওরা কি একসাথে থাকতে পারবে ?

কোকিল - কেন পারবে না ? একসাথে থাকবে, খেলাধুলো করবে, পরবর্ত্তীকালে বিয়েসাদিও করতে পারে, তার ফলে নতুন পাখীর জন্ম হবে, তাকে হয়তো মানুষ কাকু বা কুকা এরকম একটা কিছু বলে ডাকবে।

কাক - তোমার মন উদার তাই ঐভাবে ভাবছ, কাক কোকিল কি কখনো একসাথে থাকতে পারে ?

কোকিল - আরে সবই পারে। এখানে কুকুর আর বেড়াল একসাথে থাকেনা কেন জানো ? কারন মানুষ চেষ্টা করেনা। যাওনা এদের দাদাদের দেশে অর্থাৎ ঐ সাদাবাবুদের দেশে। দেখবে কুকুর আর বেড়াল একই বিছানায় বসে খেলা করছে। এরা যদি একবার জানে ওদের দাদাদের দেশে কি হচ্ছে তক্ষুনি, ...

হঠাৎ ধুপধাপ শব্দ, পাখি দুটো কাকা কুকু করে পালিয়ে গেল কেন ? তাকিয়ে দেখি বাবু তিমি রূপক ঝিনু কেকা এদিকেই ছুটে আসছে। আর সানু হাতের গুলতিটা গাছের দিকে তাক করে দাঁড়িয়ে আছে। মনে মনে ঈশ্বরকে ডাকলাম, হায়, এদের জন্যে কি আমি কখনো কিছু শুনতে বা পড়তে পারব না। কাক কোকিলের মধুর আলাপটা আমার আর শোনাই হলনা। শরীর আর মনে ভীষন তিক্ততা আর ক্লান্তি নিয়ে গাছের নীচের ঐ মাদুরটায় শুয়ে পড়লাম।

গল্পসল্প

বীথি চক্রবর্তী

কমলকলি ও সোমেশ্বর দিন পোনেরো হল তাদের নতুন বাড়ীতে ঢুকেছে। একেবারে নতুন বাড়ী, বাড়ীময় নতুন নতুন গন্ধ। বেশ বড়ো বাড়ী। কমলকলি ও সোমেশ্বরের প্রথম বাড়ী। দুটি ছেলে ওদের। ছেলে দুটির এখন সেই বয়স যে বয়সে দুষ্টুমি করতে শেখে কিন্তু দুষ্টমির বিপদ বোঝে না। মাবাবা বারন করলে মনে থাকে না অথবা মনে থাকলেও দুষ্টমি বন্ধ থাকেনা। অতএব বাচ্চারা ঘুমিয়ে না পড়া পর্য্যন্ত সর্বদা সতর্ক থাকতে হয়। ওরা কখন কি করে বসবে তা বোধহয় স্বয়ং ভগবানও বলতে পারবেন না। দেশ থেকে দুজনেরই মা বাবা বাড়ী কেনার খবর জেনে খুব খুশী হয়ে নির্দেশ দিয়েছেন , ' নতুন বাড়ীতে ঢুকলে, সত্যনারায়ন পূজো করো '।

তাঁদের নির্দেশ মেনে নিয়ে কমলকলি ও সোমেশ্বর আজ সত্যনারায়ন পূজোর আয়োজন করেছে। আজ রবিবার, শুভদিনও বটে। কিছু ঘনিষ্ঠ বন্ধুবান্ধবকে নিমন্ত্রন করেছে। পাড়াতুতো নয়, শহরতুতো ব্রাহ্মনসন্তান দাদাকে ডেকে এনে পুরোহিত দর্পনের সাহায্যে পূজো সুন্দরভাবে শেষ হয়েছে। দাদার নির্দেশমত সোমেশ্বর বিয়ের সময়কার বেনারসী জোড় পরে পূজোয় বসেছিল। এখন জোড় ছেড়ে হাফপ্যান্ট ও টিশার্ট পরে এসে বসেছে। পুরোহিতদাদাও বেশ পরিবর্তন করে প্যান্ট শার্ট পরে আরাম করে বসেছেন। সকলেরই প্রচুর ফল মিষ্টি, সিন্নি খেয়ে পেট একেবারে ভর্তি। মনে হচ্ছে আর নড়াচড়া করা যাবেনা। এরপরেও খাওয়া আছে, তবে সে কথা ভাবতেও ভয় করছে। বাকিরা সবাই ঘরোয়া বসবার ঘরে কার্পেটের ওপর ছড়িয়ে ছিটিয়ে বসেছে। সোমেশ্বর হাঁক ছাড়ল, ' কলি, চা কই ? '

প্রায় সঙ্গেসঙ্গেই কমলকলি মস্তবড়ো স্টীলের থালায় কাগজের কাপে চা নিয়ে ঢুকল, পাশে চিনি। পুরোহিতদাদার কাছে এসে চা এগিয়ে দিতেই তিনি বললেন, ' যাই বলো কমলকলি, তোমার বোঁদেটা ভাই দেশের মত হয়নি '।

কমলকলি বলল, ' দেশের মত আমি কি পারি দাদা । '

পুরোহিতদাদা হেসে বললেন, ' তুমি ভাই বাদাম পেস্তা দিয়েছ বোঁদেতে। দেশে বাদামের বদলে আলুকুচি আর পেস্তার বদলে পটলের খোসা দেয় '।

কমলকলি হেসে ফেলল, চা দিয়ে কতকগুলো বালিশ এনে দিল। কিছুমাত্র দেরি না করে কয়েকজন সেগুলো অধিকার করে শুয়ে পড়ল প্রায়। কমলকলির ছোটবোন কৃষ্ণকলি আসরে গুছিয়ে বসেছে। দিদি কাজ করছে, সে বসে আছে। খারাপ লাগছে অথচ আড্ডা থেকে উঠতেও ইচ্ছে করছে না। মাঝেমাঝে চেঁচিয়ে বলছে, ' দিদি, দরকার হলে ডাকিস্ '।

সোমেশ্বর বলল, ' সুমিত, তোমার পিসিচলোযাই '।
নারান ও অন্যরা সমস্বরে বলল, ' সে আবার কি ' ?
সুমিত বলল, ' আরে psychology ' ।

নারান বলল, ' ওরকম আমিও একটা জানি - assassination, গাধার ওপর গাধা, তার ওপর আমি জাতি '।
হাসিতে ফেটে পড়ল সবাই।
সোমেশ্বর বলল, ' আজকে ভাই ছেলের কাছে বড়ো জব্দ হয়েছি '।
অসীম বলল, ' সে কি রে, ঐ একরত্তি ছেলে তোকে কি করে জব্দ করল '?
সোমেশ্বর বলল, ' আরে ভাই ছেলেরা বড়ো হল, ভাবলাম একটু উপদেশ দিই। ওদের ডেকে বললাম, this is the house of truth, এখানে কখনো মিথ্যে বলতে নেই।

আজ সকালে বড়োছেলে এসে বলল, ' বাবা this is the house of truth, তাইতো ? ' আমি বললাম, নিশ্চয়ই '। ছেলে বলল, ' সত্যি বললে মারবে না, বকবে না তো '?

আমি বললাম, ' কখ্খনো না, সত্যি বললে আমি খুব খুশী হবো '। ছেলে বলল, ' বাবা, আমি আর ভাই বল খেলতে গিয়ে বেস্‌মেণ্টের আলো ভেঙ্গে ফেলেছি '। তারপর গট্‌গট্‌ করে চলে গেল। আমি বোকার মত চেয়ে রইলাম।

অসীম সোমেশ্বরের মাথায় হাত বুলিয়ে বলল, 'আহারে সোমেশ্বর, তুই বড়ো দুঃখী। ছেলে বোকা বানায়, কমলকলি তোর মাথায় হাত বুলিয়ে ডলার নিয়ে তোর মাথাটাই সাফ করে দিল।'

সোমেশ্বরের মাথার চুল বেশ পাতলা হয়ে এসেছে। সে অপ্রস্তুত হয়ে মাথায় হাত দিয়েছে এমন সময় এষাদি বললেন, ' কিন্তু ভাই অসীম, তোমার মাথাভর্তি এতো চুল, শীলা তোমার মাথা হাতায়নি বলো ?' শীলা হাসি সামলে অসীমকে বলল, ' কেমন, আর বাজে বকবে ? '

লুচি ভাজার গন্ধে বাড়ী ভরে গেছে। ওভেন থেকে খাবার গরম হবার মৃদু সৌরভ ছড়িয়েছে। উদাস গলায় পুরোহিতদাদা বললেন, ' যাই বলো ভাই, আমার পুরোনো দিনের বিয়েবাড়ীর কথা খুব মনে পড়ে। আজকাল দেশে সব কেটারার হয়েছে, বিয়েবাড়ীতে তারাই পরিবেশন করে। আমার খুব মনে পড়ে কলাপাতায় খাওয়া, মাটির খুরিতে জল। দুদিন আগে ভিয়েন বসত। ক্ষীর ছানা আর নানারকম মিষ্টির গন্ধ সারা পাড়ায় ছড়িয়ে পড়ত। বিয়ের দিন দধিমঙ্গলের পরই সানাইয়ের সুর। সকালে উঠোনে বিরাট বিরাট মাছেরা এসে পড়ত। বাড়ীর কর্তাব্যক্তিদের কারো সামনে মাছ কাটা গোনা হত, মাছ যেন চুরি না যায়। বিশাল উনুন খোঁড়া হয়েছে, মস্ত কড়াইয়ে গন্‌গনে আগুনে নৌকোর হালের মত হাতা দিয়ে রান্না হচ্ছে। সন্ধ্যার সময় লুচি আর পাঁপড়ভাজা। বাড়ীর আর পাড়ার জোয়ান ছেলেরা ওপরে নীচে ছোটাছুটি করে পরিবেশন করছে। মাঝেমাঝেই হাঁকডাক ' গরম লুচি নিয়ে আয়রে ' বা অন্য কিছু। সে এক অন্যরকম আবহাওয়া। আমিও এরকম কত পরিবেশন করেছি। পরিবেশনও একটা আর্ট জানিস তো ? সুন্দর মেয়ে দেখলে সেখানে একটু বেশি দিতাম, দাঁড়িয়ে সামান্যক্ষণ গল্প জমাবার চেষ্টা করতাম '।

কৃষ্ণকলি চেঁচিয়ে উঠল, ' স্বাতীদি, শুনে যাও, তোমার বর কি সব বলছে '।
স্বাতী রান্নাঘরে লুচি ভাজছিল, ওখান থেকেই চেঁচিয়ে বলল, ' তুই ভালো করে শুনে নে, তারপরে আমাকে সব বলবি। বাড়ী গিয়ে জমিয়ে ঝগড়া করব। '
সুমিত বলল, ' দাদা, তোমার কথা শুনতে শুনতে একটা গল্প মনে পড়ছিল। '
অসীম বলল, ' আবার তোর গল্প শুনতে হবে ? '

'আরে শোন না ', সুমিত আরম্ভ করল। ' দাদা যেমন বললেন পরিবেশন একটা আর্ট, সত্যিই তাই। তখনকার দিনে কিছু ছেলে পরিবেশনে খুব দক্ষ ছিল। অনেকরকম উদ্ভট পরিস্থিতি তারা সামলে নিতে পারত। বিয়েবাড়ীতে বা অন্যকাজে এদের ডাক পড়তই। আমার জ্যাঠতুতো দাদা খোকনের এরকম একটা সুনাম ছিল। বিয়েবাড়ীতে খোকনদা থাকলে আর ভাবনা নেই। সে একাই একশো হয়ে হরেকরকম কাজ সামলে দিত। সেদিন পাড়ার এক মেয়ের বিয়ে, কাজের আর অন্ত নেই, খোকনদা সকাল থেকেই সেই বাড়ীতে মহাব্যস্ত। গোধূলিলগ্নে বিয়ে, সানাইয়ে মিঠেসুর বাজছে। মস্তবড়ো বাড়ীটাকে ঘিরে টুনিবাল্‌বের আলো জ্বলছে, নিভছে। বিশাল ছাদ ঘিরে সুন্দর প্যান্ডেল বাঁধা হয়েছে। নানারংয়ের কাপড়ে ঝাড়লণ্ঠনে সেখানেও সুন্দর শিল্পরচনা হয়েছে। একদিকে বিয়ে, অন্যদিকে খাবার ব্যবস্থা। মালাবদল, শুভদৃষ্টি, সাতপাক ঘোরা শেষে সম্প্রদান সুরু হয়েছে, বরকনে বসেছে পাশাপাশি। আসনে বসে মেয়ের জ্যাঠামশাই পুরোহিতের সঙ্গে মন্ত্র উচ্চারণ করছেন। অন্যদিকে নিমন্ত্রিতেরা ভোজে বসেছেন। প্রথম ব্যাচ উঠে গেছে। কলাপাতা ও এঁটো মাটির গ্লাস সরিয়ে জায়গা পরিষ্কার করে দ্বিতীয় ব্যাচের বসার ব্যবস্থা হয়েছে। পরিষ্কার কলাপাতায় নুন লেবু দুটো করে লুচি, ছোলা দেওয়া শাক, মাথা দিয়ে ডাল বেগুনভাজা ও ছ্যাচড়া পড়ে গেছে। বাকি আছে নতুন মরশুমী ফুলকপির তরকারি, দুরকমের মাছ, চাটনি পাঁপড় দৈ আর চাররকমের মিষ্টি। সমস্তই মসৃণ গতিতে চলেছে।

রান্না অত্যন্ত ভালো হয়েছে। একজন কিছুক্ষণ পরপর মাটির গেলাসে ঠান্ডা বরফজল দিয়ে যাচ্ছে। নীচে মস্ত বড়ো দুই কড়ায় দুজন ঠাকুর লুচি আর পাঁপড় ভেজে চলেছে। চারজন যোগানদার জোরহাতে লুচি বেলছে। কর্মকর্তারা নিমন্ত্রিতদের কাছে জোড়হাত করে ঘুরছেন, অনুনয় করছেন আরো কিছু নিতে। শীতকাল, তাও ছেলেগুলো দরদর করে ঘামছে। ভাঁড়ারে মেয়ের মামীমা বসে। খোকনদা খালি বালতিগুলো চটপট ভরে ফেলছে, মিষ্টি আর দৈয়ের হাঁড়ি এগিয়ে রাখছে। ছেলেরা এসে খালি বালতি রেখে ভরা বালতি নিয়ে দৌড়োচ্ছে। রান্নার দিকটা সামলাচ্ছে মেয়ের দুই দাদা। সেখানেও অতি তৎপরতার সঙ্গে কাজ হয়ে যাচ্ছে। দ্বিতীয় ব্যাচে মোল্লারচকের দৈ পড়েছে তার সঙ্গে প্রাণহরা। এবার যাবে রসগোল্লা আর ল্যাংচা। খোকনদা দ্রুতহাতে সেগুলো গোছাচ্ছে এমন সময় মেয়ের বাবা এসে খোকনদার কনুই পর্যন্ত রসে ভেজা হাত জড়িয়ে ধরে বললেন, ' খোকন তুমি আমায় বাঁচাও '।

খোকনদা হতভম্ব। বলল, ' সব তো ঠিক আছে মেসোমশাই, কোথাও তো গন্ডগোল নেই। আর দু ব্যাচ হলেই নিমন্ত্রিতদের সবার খাওয়া হয়ে যাবে। জিনিষপত্র যথেষ্ট আছে, কম পড়বেনা। মাছ তরকারি আমি দেখে এসেছি - তাও বেশিই হবে। ' মেসোমশাই বললেন, ' ঠিক তো ছিল খোকন কিন্তু এ ব্যাচে যে অনুকূলবাবু এসে বসেছেন। আজকে উনি তাগ্‌ করেছেন রসগোল্লার দিকে। এখনো দুব্যাচ লোক খাবে তাছাড়া বাড়ীর লোকও আছে। এত রাতে আমি কোথা থেকে রসগোল্লা জোগাড় করব বলতো ? দোহাই তোমার কিছু একটা কর খোকন '।

খোকনদা এবার বিপদ বুঝল। অনুকূলবাবু পাড়ারই লোক, অত্যন্ত খাইয়ে। গর্বভরে গল্প করেন কোথায় কত মাছ, সন্দেশ, দৈ বা ক বালতি রসগোল্লা ইত্যাদি খেয়েছেন। কতবার নিজে নিজের রেকর্ড ভেঙ্গেছেন। উনি যদি আজ রসগোল্লা খাবেন ঠিক করে থাকেন তবে রসগোল্লা কম পড়বেই। খাবার সময় উনি আবার বেশি কথা বলেননা। চুপচাপ বালতিটা নিজের কাছে নামিয়ে নেবেন। খোকনদা বলল, ' বালতি নিয়ে আমি যাচ্ছি মেসোমশাই, আপনি ভাববেন না '।

বালতিভরা রসগোল্লা নিয়ে খোকনদা চলল। ঢোকার মুখে দাঁড়িয়ে দেখে নিল অনুকূলবাবু কোথায় বসেছেন। তিনি তখন একহাঁড়ি দৈ আর গোটা দশেক সন্দেশ খেয়ে মাঝেমাঝে নুন আর লেবু মুখে দিচ্ছেন যাতে মুখ মেরে না আসে। কলাপাতার একপাশে স্তুপীকৃত মাছের কাঁটা। ঘনঘন ছাদের দরজার দিকে তাকিয়ে রসগোল্লার প্রতীক্ষা করছেন।

রঙ্গমঞ্চে ঢুকল খোকনদা । প্রথম লোকটির কাছে গিয়ে বলল, ' রসগোল্লা ? ' তাকে কিছু বলার সুযোগ না দিয়ে নিজেই বলল, ' না '। এইভাবে একজনের পরে একজনের কাছে খোকনদা এগিয়ে চলেছে আর বলে চলেছে, ' রসগোল্লা ? না, রসগোল্লা ? না '।

অনুকূলবাবু একটু একটু নুন লেবু মুখে দিচ্ছেন আর আড়চোখে খোকনদাকে দেখছেন। খোকনদা ' রসগোল্লা ' বলার আগেই উনি খোকনদার হাতশুদ্ধ বালতি ধরে পাশে নামিয়ে ফেললেন। যুদ্ধক্ষেত্রে খোকনদাও তৈরি। অনুকূলবাবুর মুখের কাছে দুইঞ্চি মুখ এগিয়ে নিয়ে চাপাগলায় বলল, ' আপনি এত হ্যা ···ং···লা কেন ? '

অসম্ভব চমকে উঠলেন অনুকূলবাবু। হাত আপনি ছেড়ে গেল। সঙ্গেসঙ্গে খোকনদা বালতি হাতে পাশের লোকের কাছে চলে এসেছে। ' রসগোল্লা ? না, রসগোল্লা ? না ' বলতে বলতে খোকনদা বাকি পথটুকুও বীরবিক্রমে পার হয়ে এলো। হাসিতে ভেঙ্গেপড়ল সবাই। কৃষ্ণকলি পেট চেপে ধরে হাসতে হাসতে বলল, ' বাপরে, আর হাসতে পারিনা। পেট ব্যাথা করছে '। কমলকলি এসে পড়ল, বলল, ' এবার খেতে চলুন সবাই, খাবার পরে আবার আড্ডা হবে '।

টেবিলের এপ্রান্তথেকে ওপ্রান্ত পর্যন্ত নানা স্বাদের খাবার। মাঝখানে গরম লুচি, চাটনির পাশেই থালাভরা পাঁপড়। কিন্তু সবার প্রথমেই চোখে যা পড়ল তা হল মস্ত বড়ো বাটিতে রসে টইটম্বুর রাজভোগের মত বড়ো সাদা রসগোল্লা। আবার হাসির রোল উঠল।

পুরোহিত দাদা কোনরকমে নিজেকে সামলে বললেন, ' ও সুমিত, আবার যে ' রসগোল্লা ? না ' ।

নিজদেশে পরবাসী

মীরা ঘোষাল

বিশ বছর পরে দেশে এসেছে নির্মলা। একদিন বোনের কাছে কাটিয়ে আজ হাওড়া থেকে বোলপুর যাচ্ছে। বোনের বাড়ী সল্ট লেকে তাই কোলকাতা সহরের সঙ্গে মুলাকাৎ হয়নি। কিন্তু এ কোন কোলকাতা ? এতো কালিঝুলি মাখা একটা মফঃস্বল সহর বলে মনে হচ্ছে। বোনকে জিজ্ঞেস করল - ভীড় এড়াবার জন্য ছোটরাস্তা দিয়ে নিয়ে যাচ্ছিস ? বোন উজ্জ্বলা অবাক হয়ে বলল - সেকি এতো হ্যারিসন রোড। নির্মলা যেন বিশ্বাস করতে পারল না। বিয়ের আগে কোলকাতা এসে মনে হ'ত কত চওড়া চওড়া রাস্তা, ঝক ঝকে তকতকে।

হাওড়া স্টেশন দেখে নির্মলা হতভম্ব। সে কি ভীড় আর ডামাডোল। ঠেলা চলছে প্ল্যাটফর্মের ওপর দিয়ে, মস্ত মস্ত ঝাঁকা মাথায় মুটে, কুলি সাধ্যের অতিরিক্ত মাল মাথায় নিয়ে চলেছে। যে যাকে পারছে ধাক্কা দিচ্ছে, বচসা হচ্ছে। কুকুর, ভিখিরি, সে একটা কান্ড। নির্মলা ভাবল আজ বোধহয় একটা বিশেষ দিন। বোনকে সে কথা বলতে বোন বলল - কি যে বল দিদি, আজ রবিবার, ডেলি প্যাসেঞ্জারের ভীড় নেই, এ তো খুব ভালো। নির্মলা ভাবল ভাল দেখেই আক্কেল গুড়ুম খারাপ দেখবার আর বাসনা নেই।

উজ্জ্বলা কিছুতেই নির্মলাকে টিকিট কাটতে দিলনা। নিজে টিকিট কেটে দিল থার্ড ক্লাসের। নির্মলা মনে মনে ভাবে তাতে আর কি হয়েছে, থার্ড ক্লাসে অনেক চড়েছে সে। কিন্তু কামরা দেখে মনে হল বোনকে বলে যে এরকমভাবে যেতে পারবেনা। কিন্তু বললনা। যদিও বসার একটা জায়গা মিলল তো পা নাড়াবার উপায় নেই। বাক্স প্যাটরায় সব ঠাসা। সামনে দাঁড়ানো পুরুষ যাত্রীদের গায়ে ঘামের গন্ধ। আমেরিকার লোক হলে ভাবত এরা চান করেনা কিন্তু ব্যাপার তা নয়। আসলে দেশে পুরুষেরা রোজ জামাকাপড় বদলায় না। তার ওপর দেশের পরিষ্কার কাপড়চোপড়ও নির্মলার বেশ নোংরা বলে মনে হল। নিম্নশ্রেনীর নারীপুরুষের গা ও কাপড়ের বাড়তি বোটকা গন্ধও নির্মলার নাকে এল।

গাড়ি ছাড়তে দেরী আছে। উজ্জ্বলা অপেক্ষা করতে পারল না। সে কাগজের লোক, রবিবারে তার ছুটি নেই। মেলার সময় সাতদিন দিদির সঙ্গে শান্তিনিকেতনে কাটাবে তাই এখন ছুটি নেবেনা। বোন চলে গেল। নির্মলার অত ভীড় আর নোংরা দেখে গা ঘিনঘিন করছে। সামনে একটা বুড়ো তখন থেকে কাশছে, হঠাৎ সে ওয়াক থু করে একদলা গয়ের নির্মলার পায়ের কাছে ফেলল। নির্মলা আঁতকে উঠে সীটে পা তুলে লোকটাকে ধমক দিয়ে বলল এটা কি করছ ? এক্ষুনি আমার পায়ে পড়ত। লোকটা হাত উল্টে নির্বিকার ভাবে বলল, ক্যা করে গরীব আদমী । নির্মলার ধৈর্য্যচ্যুতি হ'ল। সে একটা কুলি ডেকে মাল তুলে ফার্স্ট ক্লাস কামরায় গেল। কুলিকে বলল টিকিট চেকার বাবুকে ডেকে দাও। কুলি বলল আমার পাওনা আমায় দিয়ে দাও ট্রেন এক্ষুনি ছাড়ল বলে। নির্মলা তাকে তার পাওনা মিটিয়ে আবার অনুরোধ করল টিকিট চেকার বাবুকে পাঠিয়ে দিও এই কামরায়। সে বলল জরুর।ফার্স্ট ক্লাসেও ভীড় তবে ভদ্রলোকের ভীড়। গাড়ী ছাড়ল, নির্মলাকে সবাই একটু সরে ব'সে বসার জায়গা করে দিল। পাশের ভদ্রলোক জিজ্ঞাসা করলেন, টিকিট চেকারকে কি দরকার, তাড়াহুড়োতে টকিট কাটতে পারেন নি ? নির্মলা বলল থার্ড ক্লাসের টিকিট আপগ্রেড

করতে হবে। ও বাবা থার্ড ক্লাসে মানুষ চড়ে, ভদ্রলোকটির মন্তব্য। নির্মলা অবাক হয়ে ভাবল মানুষের ডেফিনিশান কি ? এ লোকটির সঙ্গে থার্ড ক্লাসের অর্ধেকলোকের কোন তফাৎ নেই। মনে মনে ভাবল তোমাকে থার্ড ক্লাসে দেখলে অবাক হতাম না, ফার্স্ট ক্লাসে একটু বেমানান মনে হচ্ছে। নির্মলা কিছু বলল না, একটু ফিকে হাসি হাসল শুধু।

সামনের সীটে এক প্রবীন ভদ্রলোক, সৌম্য চেহারা, পরনে স্যুট। নির্মলা ভেবেছিল অবাঙালী। তিনি খুব নরম গলায় বললেন, আপনি বোধহয় এখানে থাকেন না। নির্মলা জবাব দেবার আগেই পাশের ছোকরাটি বলে উঠল, কোন বাঙালী মহিলা দামী সিল্কের শাড়ি পরে থার্ড ক্লাসের টিকিট কাটে এই অবান্তর কথাটা আপনাকে জিজ্ঞেস করতে হল ? তারপর পাশের প্যাসেঞ্জারের কানের কাছে মুখ নিয়ে ফিসফিসিয়ে বলল, বুড়ো হয়েও আলুগিরি ছাড়তে পারছে না। ছোকরার অসভ্যতা ও বাচালতায় নির্মলা খুব লজ্জিত ও বিরক্ত হল। সামনের ভদ্রলোকটিকে মিষ্টি হেসে বলল, আপনি ঠিক ধরেছেন আমি বিদেশে থাকি, এখানে মা ভাই বোন ও আত্মীয়স্বজনের সঙ্গে কিছুদিন কাটাতে এসেছি।

একটা স্টেশনে ট্রেন থামতেই নির্মলা ব্যস্ত হয়ে ছোটাছুটি করছে দেখে জানলার কাছের দুই ভদ্রলোক বললেন, আপনি নিশ্চিন্ত হয়ে বসুন আমরা টিসিকে দেখলে ডেকে দেব। নির্মলা তাদের ধন্যবাদ জানিয়ে বসল। একটু পরেই টিসিবাবুকে পাকড়াও করে তারা বললেন, এই দিদির টিকিট আপগ্রেড করতে হবে। ভদ্রলোক জানলা দিয়ে গলা গলিয়ে নির্মলাকে ভালো করে নিরীক্ষণ করে নিরুৎসুকভাবে বললেন, আচ্ছা বর্দ্ধমানে দেখা যাবে। নির্মলাকে চঞ্চল দেখে সেই প্রবীন ভদ্রলোকটি বললেন, আপনি অত ব্যস্ত হচ্ছেন কেন টিসিকে তো জানিয়েছেন ও সময়মত আসবে। নির্মলা খুব কাঁচুমাচু হয়ে বলল, আমার কনসান্সে লাগছে। বর্দ্ধমানে টিসিকে দেখতে পেয়ে নির্মলা মিনতি করে বলল, আমার টিকিটটা দয়া করে বদলে দিন। ভদ্রলোক বিড়বিড় করে কি সব বলে মুহূর্তের মধ্যে অদৃশ্য হয়ে গেলেন। নির্মলা অসহায়ভাবে ট্রেনের সবার দিকে তাকিয়ে বলল, কি করি। সামনের সৌম্য ভদ্রলোক নির্মলাকে সান্ত্বনা দিয়ে বললেন, আপনার যেমন বিবেকে বাধছে টিসিবেচারিও তেমনি বিবেকের জন্যেই আপনার কাছে এক্সট্রা দাম নিচ্ছেন না, এ ট্রেনের অর্ধেক লোক টিকিটই কাটেনি টিসি কাউকেই কিছু বলতে পারেনা মার খাবার ভয়ে তাই ও ভাবছে আপনি ভালোমানুষ বলে টিকিট আপগ্রেড করতে চাইছেন।

নির্মলা অবাক হয়ে ভাবল, লোকেরা বিনা টিকিটে ট্রেনে চাপছে আর রেল কর্তৃপক্ষের ক্ষমতা নেই তাদের রুখবার ? এ কি অরাজকতা - বিশ বছরে দেশ তো গোল্লায় গেছে। অবশেষে বোলপুর এল। পৌষ মেলা, বর্ধমানের পর বন্যার জলের মত লোক ঢুকেছে কামরায়। দরজার কাছে এমন ভীড় করে দাঁড়িয়েছে যে কি করে বেরোবে বুঝে পেলনা। করুন মিনতি করে বলল, আপনারা সরে গিয়ে দরজাটা যদি একটু ছেড়ে দেন তাহলে নামতে পারি। একজন বলল, সরব কোথায় ফাঁক দিয়ে চলে যান। নির্মলা ভাবল, ফাঁক কোথায়, হাওয়া যাবার জায়গা নেই। একটি লোক দয়াপরবশ হয়ে প্ল্যাটফর্মে নেমে নির্মলাকে নামতে সাহায্য করল।

স্টেশনে কাকা, ছোটভাই, জ্যাঠতুতো দাদা ও ভাইপো এসেছে। অনেকদিন পরে এতগুলো নিজের লোক দেখে নির্মলার খুব আনন্দ হল। একেবারে ছেলেমানুষের মত হেঁসে কেঁদে একে জড়িয়ে তাকে চুমু খেয়ে সে একটা নাটকীয় দৃশ্য সৃষ্টি করল। প্রথম উচ্ছ্বাসের পর খুব লজ্জিত হয়ে নিজেকে সংযত করে ভাবল, এরকম অসংযত ভাব দেখে এরা না জানি কি ভাবছে। কিন্তু তারাও দেখা

গেল এই কুড়ি বছরের দীর্ঘ ব্যবধান ভুলে গেছে। আমেরিকাবাসিনীর এই স্বতঃস্ফূর্ত উচ্ছ্বাস ও আন্তরিকতা দেখে তারা মুগ্ধ। প্রায় সমবয়সী কাকা গদগদস্বরে বললেন, নিমিটা একেবারে পাল্টায়নি, তেমনি পাগলী রয়ে গেছে। বড়দা সায় দিয়ে বললেন, কাকু ঠিক বলেছ আমি তো ভাবছিলাম মেমসাহেব আমাদের চিনতে পারলে হয় আর যদি বা চিনতে পারে তা পাত্তাই দেবেনা। গাদাগাদি করে কাকার ভ্যানে চড়া হল। হৈহৈ করে তিন ঘন্টার রাস্তা যেন তিন মিনিটে ফুরিয়ে গেল। গালগল্পে নির্মলার সব ক্লান্তি গেল দূর হয়ে।

বাড়ীর কাছে এসে একটা ধাক্কা খেল নির্মলা। গেটের কাছে আগ্রহে অপেক্ষারত বাবাকে দেখতে পেলনা। বাবার সঙ্গে শেষ দেখা হয়নি। বিদেশেই তাঁর গত হবার খবর পেয়েছিল। খুব কান্নাকাটি করলেও বাবাকে আর দেখবে না - এটা যেন বুঝতে পেরেও বুঝতে চায় নি। এখন বাবা আর নেই একথাটা যেন নতুন করে উপলব্ধি করল। গাড়ীর আওয়াজে ভেতর থেকে কাকীমা, বৌদি ও ছোটভাইয়ের বউ বেরিয়ে এল। নির্মলা বউকে এই প্রথম দেখল। বেশ সুন্দরী, একপিঠ হাঁটু অবধি খোলা চুল। কাকীমা ও বৌদি মহা সোরগোল তুলে ওকে আবাহন করল। নির্মলা ভাবছে মা কোথায়। হঠাৎ চোখে পড়ল শুভ্রবস্ত্রপরিহিতা মা বারান্দায় দাঁড়িয়ে। সেই শাঁখের মত রং মলিন। এক মাথা ঘন চুল অযত্নে এলোমেলো উস্কো খুস্কো। লক্ষী প্রতিমার মত মার এই অবস্থা দেখে নির্মলা কি বলবে ভেবে পেল না। চোখের জল লুকোবার জন্য নীচু হয়ে মায়ের পা স্পর্শ করল।মা পরমাদরে ওকে জড়িয়ে ধরে বললেন, এতদিনে এলি, কিন্তু বাবাকে তো দেখতে পাবি না। শেষ পর্যন্ত জ্ঞান ছিল। বারবার বলছিলেন নিমির সঙ্গে দেখা হল না। কতদূরে থাকে আসা তো সম্ভব নয়। মৃত্যুকালেও বাবার যুক্তিপূর্ন উক্তি শুনে মনে পড়ল কত অসাধারন ব্যক্তিত্ব সম্পন্ন ছিলেন তিনি। সত্যবাদী, উদার মতাবলম্বী নিজের সময় থেকে একশ বছর এগিয়ে ছিলেন। সবাই মিলে চা ও টার সঙ্গে গুলতানি করে আরও কত সময় কাটত কে জানে। মা এসে সবাইকে বললন, এবার নিমিকে চান করে খেয়ে দেয়ে বিশ্রাম করতে দে। ওর জেট ল্যাগ কাটতে এখনও দুদিন লাগবে। সবাই হতাশ হয়ে ওঃ কাকীমা, ওঃ দিদাভাই, ওঃ বৌদি এমন জমাট আড্ডাটা ভাঙ্গতে পারলে, বলে হেসে উঠল।নির্মলা চান করে দেখল বিরাট টেবিল ঘিরে সবাই বসেছে , নির্মলার জন্যে টেবিলের মাথায় জায়গা রেখেছে। ভাইপো, ভাইঝি, ভাইয়ের বউ কে বড়োপিসির বা দিদির কাছে বসবে তাই নিয়ে মহা কলরব শুরু করেছে। শেষ অবধি বাবা ও ছোড়দাদুর বকুনি খেয়ে তারা চুপ করল।

কাকীমা ও বৌদি পরিবেশন শুরু করলেন। ভাতের পাশে বেগুনপোড়া ও পলতাপাতার ভাজা প'ড়তে ভাইঝি ও ভাইপো আঁতকে উঠে বলল সে কি, আমেরিকা থেকে বড়োপিসি এল কোথায় চপ কাটলেট খাওয়াবে তা না রাবিশ বেগুনপোড়া। বৌদি বললেন, বিদেশ না গিয়ে সাহেব সাহেবা, এ সব রাবিশ তোমাদের খেতে হবেনা, দিদাভাই বিশেষ করে এগুলো বড়োপিসির জন্যেই রেঁধেছেন। বেগুনপোড়ার এত স্বাদ নির্মলা ভুলেই গিয়েছিল। মাখনের মত নরম, বীচি নেই একদম। তাতে কুঁচোন কাঁচালঙ্কা, পেঁয়াজ ও ধনেপাতা। সেদ্ধচালের ভাত মেখে খেতে মনে হল অমৃত। দেশ ছাড়ার পর পলতাভাজা কপালে জোটেনি। পদেপদে অনেক জিনিষ এল, নির্মলা মাছ অবধি পৌঁছে বলল, I give up, আর একদানাও খেতে পারবনা। সবাই হাঁহাঁকরে উঠল, সেকি মাংস চাটনি পায়েস মিষ্টি খেতে হবে। নির্মলা হাত গুটিয়ে বলল, এ আমাদের এক সপ্তাহের খাবার। নির্মলা বসেবসে ওদের চিংড়িমাছ, মাংসের কোপ্তা খাওয়া দেখল। ভাবল, এরা তো বেশ খেতে পারে অথচ কেউ মোটা নয়। চালতার চাটনি আসতেই নির্মলা আগের সংকল্প ভুলে বলল, চালতার চাটনি খেতেই হবে। বৌদি মহাখুশী হয়ে বড়ো পাথরবাটিতে অনেকটা চাটনি দিলেন।

ছোটভাই ফোড়ন কাটল, এই যে শুনলাম একদানাও খেতে পারবে না। নিমেষে বাটি শেষ করতেই সবাই হোহো করে হেসে উঠল। নির্মলা অপ্রস্তুত হয়ে বলল, বাঃ কতদিন চালতা চোখে দেখিনি। খেয়ে উঠতেই কাকীমা মিঠে পানের রেকাবী ধরলেন সবার সামনে। নির্মলা দুটো মিঠেপান মুখে পুরল। আবার ছোটভাইয়ের রসিকতা, দিদি তখন থেকে খাইতেই পারিনা খাইতেই পারিনা করে পান পর্য্যন্ত বাদ দিলনা। কাকা ধমক দিলেন, তোর ফাজলামি থামা, বেচারি কিছুই খেতে পারলনা আর তোরা সব ফাঁসির খাওয়া খেলি।

মা এসে বললেন, নিমি বাবার ঘরে তোর বিছানা করে দিয়েছি একটু গড়িয়ে নে। সেই বিছানায় শুয়ে নির্মলার মনে হল বাবার গন্ধ ও স্পর্শ যেন বিছানার চাদরে বালিশে জড়িয়ে রয়েছে। বাবা সকালে একসাজি বেলফুল রবীন্দ্রনাথের ছবির পদপ্রান্তে রাখতেন। মনে হল সেই গন্ধ যেন এখনো সারাঘরে ছড়িয়ে রয়েছে। নির্মলা অনুতে অনুতে বাবার স্নেহ অনুভব করল।মাথায় হঠাৎ নরম হাতের স্পর্শ পেতে চোখ না খুলেও নির্মলা বুঝল এ মায়ের হাত। স্নেহময়ী মায়ের মেয়ের পথক্লান্তি হরন করার চেষ্টা। মায়ের স্নেহস্পর্শে ধীরেধীরে গভীর নিদ্রায় তলিয়ে যেতে যেতে নির্মলা ভাবল,

উঠিয়া পর্বতচূড়ে ধরনীরে হেরি দূরে, পথের যা দুঃখ ক্লেশ সব ভ্রম মনে হয়।

গুঞ্জবাড়ী

মন্দিরা সেনগুপ্ত

গুঞ্জবাড়ীতে আনাচে কানাচে গুঞ্জরে প্রান মোর
শতপুষ্পের সুরভিকুঞ্জে যেমন ফিরে ভ্রমর।
স্থলপদ্মের অরুন আভায় উষার মুখানি রাঙা
দোলনচাঁপার পেলবশোভায় ঘুমের জড়িমা ভাঙা।

শেষপ্রত্যূষে পাপিয়ার গানে আকূতি ঝরিয়া পড়ে
পান্থ কে কোথা আছিস একেলা ফিরে আয় ত্বরা ঘরে।
রাধামাধবের মন্দিরে দ্বারী প্রভাতে বাজায় খোল
অন্ধকারের বুক চিরে শুনি 'বল হরি হরি বোল'।

পঞ্চপ্রদীপে পুরোহিতমাতা করেন আরতি দান
তুলসীর তরু ঘিরিয়া ভক্তে মধুর ভজন গান।
গৃহে মোর পিতা ভগবদ্‌গীতা পড়েন গভীর স্বরে
মার হাতে বাজে পূজার ঘণ্টা অদূরে ঠাকুর ঘরে।

যুঁইলতাটিতে চপল চড়ুই কপট কলহে মাতে
কালো বুলবুলি মাথা ঝাড়া দেয় সবুজ সুপারিপাতে।
কাঁঠালগাছের চিকণ মাথাটি রোদে চিকমিক করে
মধুমালতীর লাল সাদা কুঁড়ি প্রাচীরে লুটায়ে পড়ে।

শিউলি অর্ঘে ভরিল উঠান লক্ষ তারার গুচ্ছে
গোলাপে গাঁদায় অপরাজিতায় পাতাবাহারের পুচ্ছে।
লাবণ্যমাখা পল্লীগৃহটি শ্রীময়ীহস্তস্পর্শে
দূরপরবাসী সন্তান মন ভরিয়া তোলেন হর্ষে।

শ্যামতরুছায়া ভরা স্নেহমায়া আঙিনাদুয়ার জুড়ে
সঞ্জীবনের মন্ত্র মাখায় গোপন হৃদয়পুরে।
নীল আকাশের ছোট্ট কোণাটি চোখে অঞ্জন পরায়
শান্তির ঘুমপাড়ানিয়া গানে আরামে পরান ভরায়।

মাতা ও পিতার নির্মল প্রেমে উজ্জ্বল এই নীড়
দূর করে দেয় যত জটিলতা দুশ্চিন্তার ভীড়।
বঁটি চুপড়ির গ্রামীন সজ্জা সব্জী নয়নলোভা
ঢেঁকিশাক শসা কচু নারকোল ডালের বড়ির শোভা।

মার হাতে করা আমলকী আর আচারে অমৃতস্বাদ
পিঠে সন্দেশে মিষ্টি পায়েসে লোভী হাতে পায় চাঁদ।
শোলার পুতুলে লক্ষ্মীর পাটে চন্দন চাঁদমালা
ঝকঝকে তামা পেতলের টাটে গন্ধপুষ্প ঢালা।

ডালাকুলো আর হাড়িঘটকায় ছবিটি নন্দলালের
ছদ্মবেশিনী মা সরস্বতী গৃহিনী যে কতকালের।
আনন্দরূপে এই সংসারে বিরাজেন কল্যানী
ঘরের পরের মঙ্গলতরে ব্যস্ত জীবনখানি।

ভোলা মহেশের পরিচর্যায় দিবসরজনী যাপি
শতকর্মের সূক্ষ্মবুননে পূর্ন করেন ঝাঁপি।
তারি মাঝে বাজে ভৈরবীসুরে বৈরাগ্যের গীত
ঋতু যায় আর আসে হেমন্ত, শরৎ, বর্ষা, শীত।

সেই জননীর অঞ্চলছায়ে ফিরে যেতে মন চায়
দূরপথগামী ভ্রমরা যে আমি কেমনে ফিরিব হায়।
আমার বিশ্ব ডাকে যে আমারে সুখেদুখে সম্পদে
ফিরিবার ক্ষণে রাখিনু প্রনাম হরপার্বতী-পদে।

কোনখানে ?

চন্দ্রবিনোদ দাস

গন্ধে উদাস ফুল বলিছে আজি
বন্ধু, আমার তোমার সাথে জানা
মুখোমুখি বসব হৃদয় মাঝ
তোমার সাথে বলব কথা নানা।

আকুল কণ্ঠে নৃত্যে কহে নদী
বন্ধু, আমি শুনাব তোমায় গান
মুক্ত তোমার হৃদয় কর যদি
সুধার ধারায় ভরাব তোমার প্রান।

অভিসারে জ্যোৎস্না শশি কহে
বন্ধু, তোমার ত্বরায় খোল দ্বার
দেরি আমার আর নাহি যে সহে
তরুন প্রেমে ভাসাব হৃদি পার।

বিশ্ব কহে হাজার নয়ন মেলি
বন্ধু, আমি আনব তোমায় নামি
সকল আলো দাও দুরেতে ফেলি
তোমায় আমায় রইব দিবস যামি।

বন্ধু কহে নিশ্বাসিয়া হায়
শুনছি সকল বিদেশীদের বানী
অর্থ তাহার তবুও বোঝা যায়
মাগছে প্রবেশ হৃদয়ে কর হানি।

যুগান্তরের এক স্বদেশের ভাই
ভিন্ন দেশী যাত্রী এখন সব
তবু সবার যোগ আছে একঠাঁই
প্রানের পরে করছি অনুভব।

নিরাশায় আজ কাঁদছে পরান মোর
ও বিদেশী, তোমাদের এই গানে
চাই যে আমি খুলতে হৃদয় দোর
পাইনা খুঁজে আগলটা কোনখানে।

কখন বা কবে ?

সুস্মিতা মহলানবীশ

কত সাধনা কত তপস্যা
কার কাছে ? কে সে বহুরূপী
সবাই যাকে বিভিন্ন নাম ধরে ডাকে।
ডাকার ইচ্ছে আমারো, কিন্তু কার কাছে ?
কখন বা কবে ? সময় কি কখনো হবে ?
কে সে বহুরূপী
সবাই যাকে বিভিন্ন নাম ধরে ডাকে।

ছোট্ট মেয়েটা এসে বলে, 'আমার ধর্ম কি ?
তুমি কি জান ধর্ম কাকে বলে ?
কই শেখাওনি তো আমাকে।'
নিস্তব্ধ থেকে ভাবি - শিখব বা শেখাব,
কখন বা কবে ? সময় কি কখনো হবে ?

অমৃতফলের আশা ছেড়ে কাজ করে চলেছি
বুঝে বা না বুঝে, না জেনে,
" এ জন্মে যা পাওনি পরজন্মে পাবে বা
পূর্বজন্মের পরিনাম বর্ত্তমান "
ঐ বানী মনে শান্তি আনে।

ছোট্ট মেয়েটাকে কি বলব ?
সততা ও ভালবাসাই ধর্ম
নাকি এর পরেও অনেক কিছু আছে।
কখন বা কবে ? সময় কি কখনো হবে ?

ইয়োরোপে কয়েকটা দিন

সব্যসাচী গুপ্ত

যদিও দশ বছর আগে এই ভ্রমণে বেরিয়েছিলাম তার স্মৃতি আজও স্মরণীয়। ৩রা জুলাই ১৯৮৬ সালে অ্যাটলান্টা, জর্জিয়া থেকে রওয়ানা হয়ে ৪ঠা জুলাই লন্ডনে পৌছলাম। তিনদিন ছিলাম নিকট আত্মীয় ছোড়দিভাই ও সুকান্তদার বাড়িতে সারে কাউন্টির সাটন্ এ। লন্ডন শহর আগেই দেখা ছিল, এবারে কিছু ভিন্ন ভিন্ন জায়গায় গিয়েছিলাম। সেই দিনই ব্রাইটন বীচ্ দেখতে গেলাম। খুবই সুন্দর ঐ বেলা-ভুমিতে বসে ভাবতে অবাক লাগছিল যে ঐখানেই কিছুদিন আগে তৎকালীন বৃটিশ প্রধান মন্ত্রী মার্গারেট থ্যাচারকে হত্যার একটা ব্যর্থ চেষ্টা করা হয়েছিল। পরদিন ৫ই জুলাই সকালে বেশ কিছুক্ষণ টেলিভিশনে উইম্বলডনে টেনিসের ফাইনাল খেলা ও ভারত বনাম ইংল্যান্ডের উত্তেজনাপ্রদ ওয়ান-ডে-ক্রিকেট খেলা দেখে বৃটিশ মিউজিয়াম দেখতে গেলাম। সেখানে অন্যান্য দ্রষ্টব্য ছাড়াও রবীন্দ্রনাথ ঠাকুরের ১২৫তম জন্ম বার্ষিকী উপলক্ষে বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল। গীতাঞ্জলীর পান্ডুলিপি, নাইটহুড প্রত্যাখানের মূল চিঠি, দুষ্প্রাপ্য মূল্যবান চিত্রাঙ্কন ইত্যাদিতে সমৃদ্ধ এই প্রদর্শনী খুবই চিত্তাকর্ষক হয়েছিল। সন্ধ্যায় লন্ডনের বাঙালী নুপুর গোষ্ঠির চিত্রাঙ্গদাতে ওদের নাচ ও গানের উন্নত মান দেখে মুগ্ধ হলাম। পরদিন ৬ই জুলাই প্রায় আটশত বছরের পুরানো কেমব্রিজ ইউনিভার্সিটি দেখতে গেলাম। এই শিক্ষায়তনের শান্ত পরিবেশ আমাদের খুব ভালো লাগলো। বিশেষ করে টিনিটি কলেজের কৃতী ছাত্র বিশ্ব বিখ্যাত বিজ্ঞানী নিউটন ও প্রখ্যাত কবি টেনিসনের প্রস্তর মূর্তি দেখে কিছুক্ষণের জন্য হারিয়ে গেলাম অষ্টদশ ও উনবিংশ শতাব্দীর গৌরবময় যুগে।

পরদিন ৭ই জুলাই প্রায় দুসপ্তাহের জন্য ইউরোপের অনেকগুলি দেশ ভ্রমণের উদ্দেশ্যে বাস্এ রওয়ানা হলাম লন্ডন থেকে খুব সকালে। এই সফরে ভিন্ন ভিন্ন দেশের প্রায় পঞ্চাশজন লোক ছিল। এদের মধ্যে ছিলেন আমেরিকার ছেলে কৃস, অস্ট্রেলিয়ার মেয়ে লিন্ডা, ইংল্যান্ডের দুটি মেয়ে, দুজনেরই নাম জুলি, সাউথ কোরিয়ার ছেলে ডক্টর পাক, ওয়েস্ট ইন্ডিজের মিস্টার ও মিসেস্ বেইন, ভারতবর্ষের মিস্টার ও মিসেস্ প্যাটেল ও হংকংএর মিসেস স্যু ও তার মেয়ে কেটি। আর টুর গাইড ছিল ফ্রান্সের জঁ লুক। কৃস, লিন্ডা, দুই জুলি ও কেটি সকলেই অল্প বয়স্ক ও অবিবাহিত। কৃস্ নিউ ইয়র্কের একটা জুয়েলারীর দোকানের ম্যানেজার, লিন্ডা মেলবোর্ণে একটা অফিসের সেক্রেটারি, ইংল্যান্ডের কেন্ট্ কাউন্টির বাসিন্দা দুই জুলি স্কুল টিচার। ডক্টর পাক সাউথ কোরিয়ার পুসানে ইংরেজির অধ্যাপক। ফুলব্রাইট স্কলারশিপ নিয়ে আমেরিকায় এসেছিলেন, তখন দেশে ফিরছিলেন। টিনিডাডের বাসিন্দা মিস্টার বেইন অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী। মিস্টার প্যাটেল আমেদাবাদের ব্যবসায়ী ইঞ্জিনিয়ার, মিসেস্ স্যু হংকংএর গারমেন্ট ইন্ডাস্ট্রিতে কাজ করেন আর কেটি হলো কলেজের ছাত্রী। প্রায় দুসপ্তাহ এক সঙ্গে থাকার ফলে এদের সকলের সঙ্গে আমাদের বন্ধুত্ব বেশ জমে উঠেছিল বিশেষ করে প্রতিদিন সান্ধ্য ভোজনের সময় বেশ কিছুক্ষণ আড্ডা চলতো।

আমাদের বাস্টা লন্ডন থেকে ডোভারে পৌছল দুপুরে। ডোভার থেকে স্টিমারে বেলজিয়ামের অস্টেন্ডে পৌছালাম কয়েক ঘন্টার মধ্যে। রোদ ঝলমলে আবহাওয়াতে শান্ত ইংলিশ চ্যানেলের মৌনতা ভেঙে দিচ্ছিল কিছু সিগাল। অস্টেন্ডে কস্মস্ কোম্পানির লাক্সরি বাস্এ মূল সফর শুরু হোল। সন্ধ্যায় বেলজিয়ামের লিয়েজেতে এসে প্রথম রাত কাটালাম একটা মোটেলে। লিয়েজেতে লোকেরা ফ্রেঞ্চও ফ্লেমিশ ভাষায় কথা বলে। খুবই সুন্দর এই শহরে এসেই মোটেল থেকে বেরিয়ে একটা টিলার উপর বড় একটা চার্চ দেখতে পেলাম। কৃস্‌কে সঙ্গে নিয়ে সিঁড়ি দিয়ে ওদিকে যেতে শুরু করেছি, কয়েকটা সিঁড়ি উঠেই কৃস সে চেষ্টা বাতিল করলো। ওর দেখলাম উঁচু জিনিসে খুবই আতঙ্ক। ফলে আমরাও ওকে ফেলে আর গেলাম না। সামনেই ছিল কফি হাউস ও রেস্তোরাঁ। এগুলির প্রত্যেকটিতে বাইরে বসে খাবার বন্দোবস্ত

ছিল, তাছাড়া পাশেই ছিল অজস্র ফুলের ছোট ছোট বাগান। একটা কফি হাউসে চা খেয়ে কয়েকটা ছবি তোলার চেষ্টা করছিলাম ফুল বাগানের, এমন সময় ঐ শহরের কয়েকটা বখাটে ছেলে এসে ইঙ্গিত জানালো (ওরা ইংরেজী বোঝেনা)যে ওদের ছবিও আমাদের তুলতে হবে। অগত্যা ওদেরও ছবি তুলে তাড়াতাড়ি মোটেলে ফিরে এলাম কারণ সন্ধ্যা হয়ে গিয়েছিল।

পরদিন ৮ই জুলাই লুক্সেমবার্গ ছাড়িয়ে সুইজারল্যাণ্ডের সীমান্ত পেরিয়ে বেসেল্‌এ পৌছালাম দুপুরে। সুইস্ বর্ডারে বৃটিশ পাউণ্ড ও মার্কিনী ডলার ভাঙিয়ে কিছু সুইস্ ফ্রাঁ কিনলাম। বর্ডার গার্ডরা আমাদের পাসপোর্ট ইত্যাদি খুঁটিয়ে দেখলো। যদিও এদের সঙ্গে নাৎসি গার্ডদের কোন তুলনাই হয়না, তবুও কেন যেন মনে পড়ে গেল নাৎসী গার্ডদের কথা আর সন্ত্রস্ত লোকেদের হাবভাবের কথা যেগুলি বহু ইংরেজী সিনেমাতে দেখছি। সুইজারল্যাণ্ডের তুষারাবৃত আলপ্স্ পর্বতের অবিস্মরণীয় প্রাকৃতিক দৃশ্য এখান থেকেই প্রথম দেখতে পেলাম। বিকেলে লেক্ লুসার্নে পৌছে হর্নলি হোটেলে রাত কাটালাম। জঁ লুক আমাদের বহুবার মনে করিয়ে দিয়েছিল যে এই সফরের "Collapsing Chalet" হোল হর্নলি হোটেল। কথাটা নেহাৎ ভুল বলেনি। একটা ভাঙা বাড়ির মত হোটেল। এই হোটেলের সংলগ্ন রেস্তোরাঁর ম্যানেজার ছিল মালয়েশিয়ার মেয়ে মে। ওর মিষ্টি ব্যবহার ও আতিথেয়তার জন্য সবাই মুগ্ধ হয়ে গেল। আমাদের দেশের মত বার বার করে জিজ্ঞাসা করে আর দুবার তিনবার প্রত্যেককে খাবার দিয়ে ও সবার মন জয় করলো কিছুক্ষণের মধ্যেই। লেকের কাছেই ছিল হোটেল। লেক লুসার্নের প্রাকৃতিক দৃশ্যের তুলনা হয়না, সামনে লেক, পেছনে তুষারাবৃত আলপ্স্ পর্বতমালা। সম্পূর্ণ সুইজারল্যাণ্ডে রাস্তাঘাট ছবির মত, এত পরিচ্ছন্নতা আর কোথাও দেখিনি।

পরদিন ৯ই জুলাই ছোট্ট রাষ্ট্র লিখটেনস্টা-ইনের সুন্দর শহর ভাদুজ্‌এ পৌছালাম দুপুরে। পাস-পোর্টে লিখটেনস্টাইন্ ও ভাদুজ ছাপও মারা হোল স্মৃতিচিহ্ন হিসেবে। এখান থেকে অস্ট্রিয়ার ইনস্‌ব্রুকের দিকে রওয়ানা হোলাম। সারাটা রাস্তায় আলপ্স্ পর্বতশ্রেণী চোখে পড়ল। বহু সুরঙ্গ পড়ল অস্ট্রিয়ার পথে। ইনস্‌ব্রুকে ১৯৮২ সালে উইনটার অলিম্পিক হয়েছিল, তার বহু নিদর্শন চোখে পড়ল। এখানে অস্ট্রিয়ার প্রখ্যাত রোসা মারিয়ার ফোক্ শো দেখলাম, যেটাতে ইয়োডলিং সহ মাপেট শোও ছিল। পরদিন ১০ই জুলাই সকালে ইটালির ভেনিসের দিকে রওয়ানা হলাম। ভেরোনাতে মধ্যাহ্ন ভোজন করে দুপুরে ভেনিস পৌছলাম। এই সফরে খুব অল্প সময়ের মধ্যে ভিন্ন ভিন্ন রাষ্ট্রের সীমানা পেরিয়ে আসা, ভিন্ন ভিন্ন ভাষা শোনা, ভিন্নভিন্ন পোষাক পরিচ্ছদ ও রীতি নীতি দেখা, ভিন্ন ভিন্ন আবহাওয়া অনুভব করা ও ভিন্ন ভিন্ন মুদ্রা বিনিময় করাতে ছিল এক আশ্চর্যজনক অনুভূতি। সুইজারল্যাণ্ড ও অস্ট্রিয়ার অপেক্ষাকৃত ঠাণ্ডা আবহাওয়ার পর বেশ গরম পেলাম ইটালিতে(৯০-৯৫ ডিগ্রী)। ভেনিসে পৌছে কিছুক্ষণের মধ্যেই স্টিমারে সেন্ট্ মার্কাস স্কোয়ারে এলাম। এখানকার চার্চটা প্রায় ৯০০ বছরের পুরানো এবং এর স্থাপত্য অপূর্ব। এর পর সবাই কয়েকটা গণ্ডোলাতে চড়ে প্রায় ১৫০০ বছরের পুরানো ভেনিস্ শহর দেখতে গেলাম। আমাদের গণ্ডোলাতে একজন পিয়ানো অ্যাকর্ডিয়ান বাজিয়ে ইটালিয়ান লোকসঙ্গীত পরিবেশন করছিল। খুবই মনোরম একটা অনুভূতি হচ্ছিল এই ধরণের পরিবেশে। খাল দিয়ে পরিবেষ্টিত এই ঐতিহাসিক বন্দরের বহু দ্রষ্টব্য এই ভাবেই দেখা হোল।

এ কদিনের মধ্যেই আমাদের বন্ধুদের ব্যক্তিত্ব বা বৈশিষ্ট্য নানা ভাবে ধরা পড়ল। ইংল্যাণ্ডের দুই জুলি ছিল আমেরিকার লোকেদের (যেমন কৃস্ ও আমরা) বিশ্বস্ত সমর্থক, যে কোন বিষয়ের আলোচনাতে ওরা আমাদের মতবাদ পছন্দ করত। ওদের মধ্যে একজন ছিল মুখরা, আর একজন ছিল অত্যন্ত শান্তশিষ্ট। লিণ্ডা মাঝে মাঝে কৃসকে খ্যাপাত "sissy" বলে। কৃস্ সঙ্গে সঙ্গে রেগে গেলেও নিজেকে সামলে নিত। কৃস্‌এর হাবভাব কিছুটা মেয়েলি হলেও ও কিন্তু ছিল খুবই মজাদার লোক, তবে আমেরিকান বলে খুবই গর্বিত।

১১ই জুলাই ভেনিস্ থেকে রোমের দিকে রওয়ানা হোলাম। দুপুরে মধ্যাহ্ন ভোজন করলাম অ্যাসিসিতে। ওখানকার সেন্ট ফ্রান্সিসের চার্চ জগৎ বিখ্যাত, অপূর্ব এর স্থাপত্য। ভিতরে সেন্ট

ফ্রান্সিসের সমাধিও রয়েছে। বিকেলে ঐতিহাসিক রোম শহরে পৌছালাম। এই সফরে সবচেয়ে ভাল মোটেল এখানেই পেয়েছিলাম Residence Le Torri, -দুটো প্রশস্ত ঘর ছিল। সংলগ্ন ঝুল বারান্দা থেকে রোম শহরের একটা বিস্তৃত দৃশ্য দেখা যেত। মোটেলে পৌছাবার অল্পক্ষণের মধ্যে ন্যাভোনা স্কোয়ারে গেলাম। ওখানে চারটি ভিন্ন ভিন্ন মূর্তি ও চারটি নদী দিয়ে চারটি মহাদেশকে দেখানো হয়েছে। গঙ্গা নদী দিয়ে এশিয়াকে দেখানো হয়েছে। এর পর নিউ রোমের রাস্তা ও সারা পৃথিবীর ফ্যাশনের কেন্দ্রস্থান ও শপিং সেন্টার ইত্যাদি দেখে একটা রেস্তোরাঁয় সান্ধ্যভোজন করা হোল। লাইভ মিউজিক সহ পার্টি খুবই জমে উঠেছিল। আমি নিজে ইটালিয়ান গায়ককে "O Sole Mio", "That's Amore,""Volare" ইত্যাদি গান করতে অনুরোধ করেছিলাম; গায়ক আমার অনুরোধ রেখেছিল।

পরদিন ১২ই জুলাই ভ্যাটিকান মিউজিয়াম, সিস্টিন চ্যাপেল, সেন্ট পিটার্স্ ব্যাসিলিকা, সেন্ট পিটার্স্ স্কোয়ার ইত্যাদি দেখলাম। পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে মিকেলাঞ্জেলো ও র‍্যাফায়েলের অপূর্ব চিত্রাঙ্কন দেখে সম্মোহিত হয়ে গেলাম। বিকেলে কলিসিয়াম, রোমান ফোরাম, প্যালেস অফ জাস্টিস, গ্যারিবল্ডি স্কোয়ার, জুলিয়াস সিজারের প্যালেস ইত্যাদি সুপ্রাচীন ঐতিহাসিক আকর্ষণ দেখে অভিভূত হয়ে পড়লাম। বস্তুত: এর আগে এ ধরণের অনুভূতি আমার হয়েছিল ভারতবর্ষের দিল্লী ও আগ্রা দেখে। পরদিন ১৩ই জুলাই ফ্লোরেন্সের দিকে রওয়ানা হোলাম। পথের দুধারে অজস্র সূর্যমুখী ফুলের বাগান দেখে সোফিয়া লোরেনের সানফ্লাওয়ার সিনেমার কথা মনে পড়ে গেল। ফ্লোরেন্সে পৌছেই মিউজিয়াম দেখতে গেলাম। মিকেলাঞ্জেলোর হাতে গড়া অনেকগুলো মূর্তি এখানে রয়েছে, বিশেষ করে ডেভিডের মূর্তি আমাদের হতবাক করে দিল। বৃটিশ গাইড জুডি পর পর আমাদের সিটি হল, হল অফ জাস্টিস, চার্চ অফ পুয়োর পিপল্ ও স্কোয়ার ইত্যাদি দেখালো। চার্চ্ অফ পুয়োর পিপলএ শিল্পী মিকেলাঞ্জেলো, কবি ডান্তে ও বৈজ্ঞানিক গ্যালিলিওর সমাধি দেখে মনটা যেন কিছুক্ষণের জন্য চলে গেল পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে। এরপর পিসাতে লিনিং টাওয়ার দেখতে গেলাম। সিঁড়ি ভেঙ্গে সবচেয়ে উপরের তলায় উঠলাম। সেখান থেকেই গ্যালিলিও তার বিখ্যাত মাধ্যাকর্ষণ শক্তির গবেষণা করতেন।

ইংল্যান্ডে জুলিয়া কেন্ট্ কাউন্টির বাসিন্দা জেনে ওদেরকে সবিনয়ে নিবেদন করলাম যে ওদের কাউন্টির একজনকে আমি দেখেছি, প্রখ্যাত ক্রিকেটার কলিন কাউড্রে। ক্রিকেট অনুরাগী জুলিয়া আমার এ জ্ঞান দেখে বিস্মিত হোল ও জানাল যে কেন্টের গৌরব হোল কলিন কাউড্রে। টিনিডাডের বাসিন্দা মিস্টার বেইনকে ক্রিকেটের কথা বলতেই জানলামযে উনি ওয়েস্ট ইন্ডিজের প্রখ্যাত ব্যাট্স্ম্যান ব্যাসিল বুচারের নিকট আত্মীয়। বহুক্ষণ ক্রিকেটের আলোচনা হোল। উনি আবার ভারতবর্ষের প্রখ্যাত স্পিন বোলার সুভাষ গুপ্তের কথা বললেন। গুপ্তে ওয়েস্ট ইন্ডিজের মেয়েকেই বিয়ে করেছেন।

পরদিন ১৪ই জুলাই ইটালি ছেড়ে ফ্রান্সের নিস্ শহরের পথে রওয়ানা হলাম। প্রথমে ইটালিয়ান রিভিয়েরা, পরে ফ্রেঞ্চ রিভিয়েরা দেখতে দেখতে বিকেলে নিস্ শহরে এসে পৌছালাম। মাঝপথে Ezeতে একটা প্রখ্যাত ফ্রেঞ্চ পারফিউম ফ্যাকটরি ঘুরে এলাম। ফ্রেঞ্চ রিভিয়েরা ও সংলগ্ন মোনাকোর পাহাড় দিয়ে ঘেরা নিস্ খুব সুন্দর শহর। নিস্এ পৌছেই মোনাকোর মন্টিকার্লোতে গেলাম। প্রেসিডেন্সিয়াল প্যালেস, প্রিন্সেস গ্রেসের সমাধি ও জগৎ বিখ্যাত ক্যাসিনো পর পর দেখা হোল। আমি অভিনেত্রী গ্রেস কেলির খুবই ফ্যান ছিলাম, তাই ওনার কথা খুবই মনে পড়ছিল। কিছুকাল আগেই ওনার মৃত্যু হয়েছে গাড়ির দুর্ঘটনায়। সেদিন ছিল ফ্রান্সের ব্যাস্টিল ডে, সে উপলক্ষ্যে প্যারেডও দেখলাম। পরদিন ১৫ই জুলাই একটা ট্রলি কারে নিস্ শহরের ভিন্ন ভিন্ন জায়গা দেখলাম। ওখানকার ফ্রেঞ্চ রিভিয়ারার বিখ্যাত বীচ্ও বাদ পড়ল না। এই শহরের খুবই কাছে হোল ক্যান, যেখানে প্রতি বছর সুপ্রসিদ্ধ ফিল্ম ফেস্টিভেল হয়। দুপুরে লিয়ন শহরের দিকে রওয়ানা হলাম; এটা ফ্রান্সের ইন্ডাস্ট্রিয়াল সিটি; যথেষ্ট কেমিক্যাল ও পেট্রোকেমিক্যাল ইন্ডাস্ট্রি ওখানে রয়েছে। পথে সুবিখ্যাত টিজিভিট্রেন চোখে পড়ল। বিদ্যুৎ গতিতে ছুটে চলেছে, চোখের নিমেষের মধ্যে আর দেখতে পেলাম না। গতিবেগ শুনেছি ১৬০ মাইল ঘন্টায়।

পরদিন ১৬ই জুলাই প্যারিসের দিকে রওয়ানা হলাম। দুপুরে প্যারিসে পৌছালাম। প্যারিসে বাস্ থেকে নামার সময় হঠাৎ একটি ঘটনায় হতভম্ব হয়ে গেলাম। কৃসের ধৈর্যচ্যুতি হয়েছে, ও আর নিজেকে সামলাতে পারেনি। এ কদিন ধরে লিন্ডা যা খ্যেপিয়েছে ওকে, তার প্রতিশোধ ও নিল প্রায় সফরের শেষে এসে লিন্ডাকে একটা চড় মেরে। জঁ লুক, ডক্টর পাক ও আমার স্ত্রী রমা ঐ ঘটনায় মধ্যস্থতা করার ফলে ঘটনাটা আর বেশীদূর গড়ায়নি। জঁ লুক অবশ্য আমাদেরকে জানাল যে এ রকম ঘটনা যে কখনও হবে সেটা ও আঁচ করছিল বহুদিন ধরে। প্যারিসে পৌছে বিখ্যাত Folly Bergerএ ক্যাবারে শো দেখতে গেলাম। নর্তকীদের অঙ্গ ভঙ্গিমা অপূর্ব। পরদিন ১৭ই জুলাই আইফেল টাওয়ার, ভার্সাই, সারা পৃথিবীর প্রখ্যাত শপিং ও ফ্যাশনের কেন্দ্র Champs Ellysees, অ্যাভিনিউ দ্য ইটালিয়া অপেরা, মোলা রুজ ইত্যাদি দেখা হোল। আইফেল টাওয়ারের উপর থেকে সমস্ত প্যারিস্ শহরের বিস্তৃত দৃশ্য খুব সুন্দর দেখা যাচ্ছিল। এই ট্যুরের গ্রুপ ফোটো এখানেই তোলা হোল। ভার্সাইএ Festivities Room এ যে ধরণের বিলাসিতা ও জাঁকজমকের পরিচয় পেলাম তাতে বুঝতে অসুবিধা হোল না কেন ১৭৮৯ সালে ফরাসী বিপ্লব হয়েছিল। প্যারিস্ ছেড়ে আমাদের বাস্ লন্ডনে ফিরে গেল। আমরা আর লন্ডনে না গিয়ে আর একদিন প্যারিসে রইলাম। তাই ঐ দিন সবাইকে বিদায় জানাতে গিয়ে অজান্তে চোখে কয়েক ফোঁটা জলও এসে গেল। আমার ছেলে রাজর্ষি ছিল দলের মধ্যে সবচেয়ে ছোট,ওর তখন বয়স ছিল আট। ওকে সবাই খুব আদর করত। জায়গা দেখে ও ছোট ছোট স্যুভেনির কিনে ও যে এই সফর খুব উপভোগ করছিল, সেটা ওর হাবভাব থেকেই বোঝা যেত।

এই ট্যুরে খাওয়া দাওয়ার কথা কিছু বলা দরকার। প্রতিটি দেশেই সকালে কন্টিনেন্টাল ব্রেকফাস্ট ও দুপুরে কোন স্যান্ডউইচের লাঞ্চ খেয়েছি। একমাত্র ডিনারেই খাবার ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন রকমের ছিল; ফিস, চিকেন, স্টেক, ভেজিটেবল্ সহ। তবে খাবার জিনিসের দাম আমেরিকার তুলনায় দুই থেকে তিন গুন ছিল। ১৭ই জুলাই রাতে প্যারিসের মেট্রো চড়ে দেখলাম। এই মেট্রোরেলের অন্যতম বৈশিষ্ট্য হোল রাবার টায়ার গাড়ী গুলিতে। ফলে এই সাব্ওয়ে অপেক্ষাকৃত নিঃশব্দ। পরদিন ১৮ই, জুলাই সুপ্রসিদ্ধ Louvre মিউজিয়াম দেখতে গেলাম। এই মিউজিয়াম এত বড় যে একদিনে কিছুই দেখা যায়না। তাও মূল দ্রষ্টব্যগুলো, যেমন লিওনার্দো দ্য ভিন্সির মূল ছবি মোনালিসা ও মিশর, গ্রীস ও রোমের প্রাচীন সভ্যতার নিদর্শনগুলি দেখলাম। ঐ দিন সন্ধ্যায় ট্রেনে প্যারিস থেকে হলান্ডের অ্যাম্স্টারডামে রওয়ানা হলাম। ইউরোপের রেলে এই প্রথম চড়লাম। ট্রেনে খুবই ভীড় থাকায় বিশেষ উপভোগ করিনি। পরদিন ১৯শে জুলাই সকালে ট্রেন অ্যাম্স্টারডামে পৌছাল। এই শহর খাল বিলে ভরা। তাই একটা বোট রাইড নিয়ে শহরের দ্রষ্টব্যগুলি দেখলাম। খুবই সুন্দর প্রাকৃতিক দৃশ্য এই শহরের। সময় আর বেশী না থাকায় অন্য কোথাও যাইনি। ট্রেনে ডাউনটাউন থেকে এয়ারপোর্ট গেলাম ও দুপুরে কে-এল-এম ফ্লাইটে অ্যাটলান্টা রওয়ানা হলাম।

এই ট্যুরে লক্ষ্য করেছি সুইজারল্যান্ড ও হলান্ডের লোকেরা ইংরেজী ভাষা বেশ ভালই ব্যবহার করে। ফ্রান্সে খুবই কম লোক ইংরেজী জানে, যারা জানে তারাও ইংরেজীতে কথোপকথন একেবারেই করতে চায়না। ফ্রান্স ও ইটালি এই দুটো দেশেই সুপ্রাচীন সভ্যতা ছিল, কিন্তু ফ্রান্সের লোকেদের মনে হোল সে নিয়ে অনেক দম্ভ, কিন্তু ইটালির লোকেদের তেমন কোন অহঙ্কার দেখিনি। এই অল্পদিনের সফরে ইউরোপের প্রাচীন ও বর্তমান ইতিহাস সম্বন্ধে যা জ্ঞান লাভ করেছি, ভিন্ন ভিন্ন দেশের লোকেদের আচার ব্যবহার সম্বন্ধে যা জেনেছি, নিসর্গ প্রকৃতির যে শোভা চোখে দেখেছি, সর্বোপরি এভাবে অবকাশ যাপন করে যে আনন্দ পেয়েছি, সেটা বহু বই পড়ে, বা বহু ছবি দেখে কখনও সম্ভব হোত না। সেইখানেই ঐ ভ্রমণের সার্থকতা।

****

Yes, Yes, Yes, My Lord

S. Mitra

On one of my trips to India about twelve years ago, my mother told me of the wonderful experience she had during her pilgrimage to Kedarnath and Badrinarayan temples. Her eyes glittered while she described the breathtaking and the enchanting view of the ice-capped Himalayas and the cascading rivers flowing from eternity. I could sense that the atmosphere inside and outside of the famous temples charged with the pilgrims heartfelt devotion is something that she will cherish the rest of her life. She then mentioned that one of the fellow pilgrims she went with is a great devotee whom I would like to meet. In fact, he knows about my homecoming and is expecting me.

It turned out that Kiron babu is a descendant of one of the wellknown families who settled in Calcutta many years ago. My father-in-law knew that family from his childhood as he himself grew up in that neighborhood. He himself took me to Kironbabu's house and introduced him to me as a great Vaishnava. To that Kironbabu's instant reaction was " no, no, that is not true, I am a mere servant of a servant of a servant ..... of a Vashnava". His genuine expression of humility immediately touched my heart.

I met him a few times after that. I read earlier that it is very difficult to see or experience God but it is not that difficult to find one who had a close encounter with Him. While talking to him I sensed that I am in the company of such a man. I asked him about his life and the following is a brief summary of what I gathered from him in his own words as I recall those dialogues.

I finished my B.A and joined the jewellery business of our family. For many generations, our family is wellknown in the city as one of the best in the profession.. However, I was an atheist and my well-meaning friends respected my attitude towards life. I was about 50 when during one of my visits to a friend's house my eyes suddenly got fixed at one of the books on his bookshelf in the living room. That book happened to be Srimadbhagavadgita, a book I only knew by name. Suddenly, I do not know why, but I had the urge to look at the contents of the book and I asked my friend if I may borrow it. With a surprised look in his eyes, he consented.

A few days thereafter, I met him on the street during my morning walk. He said nothing about the book or about the sudden change of my heart. He casually mentioned that his Guruji is coming to visit him and to celebrate the occasion he has invited a few people to listen to his discourses. The Guruji is a great Vaishnava, well versed in the scriptures and is an excellent speaker. I shall be welcome if I would like to listen and may even talk to him later if I want to. I felt that it will be rude to decline, so I accepted his invitation.

